

শিক্ষামন্ত্রী দীপু মনি বলেছেন, বর্তমান সময়ে মানসম্মত শিক্ষা অনেক বড় একটা চ্যালেঞ্জ। শিক্ষা খাতে আমরা অনেক কিছু করলেও আমাদের আরও অনেক কিছু করার বাকি আছে। রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত দুই দিনব্যাপী ‘ইন্ডিয়ান ওশান রিম বিজনেস ফোরাম (আইওআরবিএফ)

advertisement

লিডারশিপ সামিট ২০২২’-এর শেষ দিনে গতকাল সোমবার প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

advertisement 4

দীপু মনি বলেন, আমাদের অনেক বেশি সতর্ক হতে হবে টেকনোলজির ব্যাপারে। শুধু টেকনোলজি নিয়ে আমাদের দক্ষ না করে গবেষণার মাধ্যমেও আমাদের দক্ষ করা উচিত। এখানে আমাদের অনেক বড় গ্যাপ আছে। আমাদের শিক্ষাব্যবস্থা অনেক পরীক্ষানির্ভর, সার্টিফিকেট ফোকাসড, এটা থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। সবাইকে আনন্দের সঙ্গে শিক্ষা নিতে হবে, যেন তারা প্রধানমন্ত্রীর ২০৪১ সালের ভিশন স্মার্ট বাংলাদেশ গড়তে সহায়ক ভূমিকা পালন করে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রীর বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান বলেন, ২০০৯ সালে যখন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আসেন, তখন থেকে এখন আমরা অনেক বেশি ডিজিটাল অন্যান্য এলডিসি দেশের তুলনায়। আমাদের আছে হাইটেক পার্ক, ফ্রিল্যান্সার এবং আইটি বিজনেসের জন্য প্রণোদনা দেওয়া হচ্ছে। ফ্রিল্যান্সিংয়ের দিক থেকে আমরা বিশ্বে দ্বিতীয়।

1
Shares